শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৬৮

**তারিখ:** ২৫ আষাঢ় ১৪৩০ / ০৯ জুলাই ২০২৩

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের জুলাই ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৭-৭-২০২৩ খ্রিঃ তারিখ রোজ- সোমবার, সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান ................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। ......................................................................।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৬৮

**তারিখ:** ২৫ আষাঢ় ১৪৩০ / ০৯ জুলাই ২০২৩

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস জুলাই ২০২৩

## উপস্থিত সদস্য উপদেষ্টা মন্ডলী:

১. জনাব হাফিজ উদ্দীন আহম্মেদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩, ঠাকুরগাঁও-৩ .
২. জনাব মোঃ ইকরামুল হক মেয়র, পীরগঞ্জ পৌরসভা .
৩. জনাব সুকুমার রায় ভাইস চেয়ারম্যান, উপঃ পরিঃ .
৪. জনাব ভারতী রাণী রায় মহিলা ভাইস চেয়ারম্যান উঃ পঃ .

## ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি.
২. চেয়ারম্যান, ২ নং কোসারানীগঞ্জ ইউ.পি.
৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি.
৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি.
৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি.
৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি.
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি.
৮. চেয়ারম্যান, ৯ সেনগাঁও ইউ.পি.
৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি.
১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি.

তারিখ: ১৭-৭-২০২৬
সময়: ১১-০০ টা,

## উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | এস এম মাহফুজুল ইসলাম USSO | |
| ০২ | মোঃ ইমদাদুল ইসলাম, UEO | |
| ০৩ | মোঃ আব্দুল লতিফ মৃধা, অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা, | |
| ০৪ | মো: আবু সাঈদ উপজেলা প্রকৌশলী | |
| ০৫ | মো: জাহাঙ্গীর আলম (মৎস্য দপ্তর) | |
| ০৬ | ডা: মো: আব্দুর রহমান / সমন্বয় | |
| ০৭ | ডা: রণজিৎ চন্দ্র সিংহ, ULO | |
| ০৮ | মো: খালেদ মোশাররফ SUFO | |
| ০৯ | লায়লা আরজুমান বেগম, AAO, পীরগঞ্জ | |
| ১০ | মোঃ আশরাফুল ইসলাম UAS, USEO Pirganj | |
| ১০ | মোঃ মেহেদী হাসান, SAE, DPHE | |
| ১১ | নাদিয়া আকতার, UFPO, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | |
| ১২ | মোছা: মুনিরা আক্তার TSK পীরগঞ্জ, ঠাকুরগাঁও | |
| ১৩ | আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | |
| ১৪ | সুমিত গুপ্ত, AP, doict | |
| ১৫ | মো: জিয়াউল হক ucy. | |
| ১৬ | মোছাঃ জিন্নাতারা ইয়াসমিন UWAO | |
| ১৭ | মো: আব্দুল মালেক, U.Y.D.O | |
| ১৮ | এস, এম, জসীম উদ্দিন. UDF-UGDP | |
| ১৯ | মো: শাকিল হোসেন (URDO) | |
| ২০ | মো: মাহফুজুর আলম. P.I.O. | |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও জুলাই ২০২৩ খ্রি: মাসের সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১৭-৭-২০২৩ খ্রি:

**সময়** ঃ সকাল ১১:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, পরিশিষ্ট - 'খ'- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স ভবন সংলগ্ন ঝুঁকিপূর্ণ ০১ টি ইউক্যালিপটাস গাছ কর্তণ ও অফিসার্স ক্লাবের সম্মুক্ষে জরাজীর্ণ গাছসমূহ কর্তণ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের মাধ্যমে বিট বন কর্মকর্তার দৃষ্টি আর্কষণ করেন। উপজেলা কমপ্লেক্স ভবনের নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে ভবনের সম্মুক্ষে কলাপসিবল গেট স্থাপন ও মধ্যস্থ ফাঁকা অংশে ফেন্সিং স্থাপন বিষয়ে আলোচনা করেন। উপজেলা পরিষদের হলরুমে Audio Conferance System স্থাপন ও হলরুমের পর্দার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা কমপ্লেক্স ভবন সংলগ্ন ঝুঁকিপূর্ণ ইউক্যালিপটাস গাছ, অফিসার্স ক্লাবের সম্মুক্ষে জরাজীর্ণ গাছসমূহ কর্তণ বিষয়ে বন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উপজেলা কমপ্লেক্স ভবনের নিরাপত্তা বৃদ্ধিসহ পরিষদের হলরুমের Audio Conferance System স্থাপন ও পর্দার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিষদ, ২) উপজেলা প্রকৌশলী, ৩) বিট বন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,০০৪ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৪,০৭৫ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,১৯১ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৫২ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২২৯ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১০২ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার পরিচ্ছন্নতা, ডাক্তার, নার্স, হাসপাতাল চত্তর দালালমুক্ত রাখার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ ও পর্যাপ্ত ঔষধ সরবরাহ, রোগীদের মানসম্মত খাদ্য পরিবেশনে সচেষ্ট হতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td>০৩</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫০,৫০০ জন, (২) মোট গ্রহণকারী- ৩৯,৯৮৭ জন, (৩) খাবার বড়ি - ২২,৫৬২ জন (৪) কনডম- ১,৯৯৩ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮১৪৮ (৬) আইইউডি- ১৭ (৭) ইমপ্ল্যানন- ২৯ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৬,৮৬৪ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.১৮% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)।</td>
<td>শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>উপজেলা কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ফসলের নাম</th><th>লক্ষ্যমাত্রা হেঃ</th><th>অর্জিত হেঃ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>আমন ধান রোপন</td><td>২৫১৭৫</td><td>৮৬৫৫</td><td>রোপন চলমান</td></tr>
</table>
পীরগঞ্জ উপজেলায় আবাদ যোগ্য পতিত জমি ২১.১৬ হেঃ। ইতি মধ্যে ১৫.২৫ হেঃ জমি বিভিন্ন ধরনে শাক-সবজি, ফলমুল ইত্যাদি ফসল আবাদের আওতায় আনা হয়েছে। আবশিষ্ট ৫.৯১ হেঃ জমি আনাবাদী জমি চাষের আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানসহ স্থানীয় জনপ্রতিনিধির দৃষ্টি আকর্ষন করা হয় । কৃষি ও সেচ কমিটির সভায় এডিপি এর আওতায় বাস্তবনের নিমিত্তে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার আশ্রয়ন/আবাসন/গুচ্ছ গ্রাম প্রকল্পের উপকারভোগী জনগোষ্ঠির জীবনমান ও অর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন ও মৌসুম ব্যাপি বিভিন্ন ধরণের ফল ও সবজি প্রদর্শনী স্থাপন ও প্রশিক্ষণের নিমিত্তে বার্ষিক (এডিপি) হতে কৃষি খাতে বরাদ্দকৃত অংশ হতে ২ টি উপপ্রকল্প গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত)। এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করা হয়। সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয় । প্রাথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্য্যায়ে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি আফিসার এর মাধ্যমে বিতরণ করা হচ্ছে। ইতি মধ্যে প্রতি ইউনিয়নে গড়ে ৭১৫ টি করে কার্ড উপসহকারী কৃষি অফিসারগণ কৃষকের মাঝে বিতরণ করেছেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>এডিপি হতে কৃষি ও সেচ কমিটির দাখিলকৃত প্রকল্প দ্রুত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</td>
<td>১) উপজেলা কৃষি কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৩,৮৮৩ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২৩,৪১৩ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ২৫,৪৬৪ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৫৯,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,৪২২ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ৩০ জন<br>৭। উঠান বৈঠক = ০৫ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০১<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ০৫ টি। | প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং নিয়মিতভাবে কৃমিনাশক ও ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন পরিচালনা করতে হবে। | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২৩ খ্রিঃ মাসে ২১ (একুশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৫ (পাঁচ) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। দেশের জাতীয় অর্থনৈতিক অগ্রগতি সমুন্নত রাখতে, আর্থ-সামাজিক উন্নয়ন, প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, নিরাপদ মৎস্য উৎপাদন ও অর্থনীতির চাকাকে সচল রাখতে এবং দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ, উন্নয়নের বিষয়ে জনগণের মাঝে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে "নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" শ্লোগানকে সামনে রেখে উপজেলা মৎস্য দপ্তর, পীরগঞ্জ, ঠাকুরগাঁও কর্তৃক প্রতি বছরের ন্যায় এ বছর আগামী ২৪ জুলাই হতে ৩০ জুলাই, ২০২৩ তারিখ (০৯ শ্রাবণ হতে ১৫ শ্রাবণ, ১৪৩০) পর্যন্ত সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপিত হবে। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে র‍্যালি, উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভাসহ সকল অনুষ্ঠান/কর্মসূচিতে আপনার উপস্থিতি কামনা করছি। সাগুনী রাবার ড্যামের উজানে টাংগন নদীতে মৎস্য অভয়াশ্রম স্থাপন বিষয়ে আলোচনা হয়। পীরগঞ্জ উপজেলার টাঙ্গন নদীর মছলন্দপুর গ্রামস্থ অংশে মৎস্যজীবী তথা জেলে সম্প্রদায়ের সাথে বোচাগঞ্জ উপজেলার সেনিহারী ও নাফানগর গ্রামের কতিপয় মানুষের সাথে মাছ ধরা নিয়ে সৃষ্ট সমস্যা নিরসনের লক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং নতুন পানিতে মাছের প্রজনন/ডিম ছাড়ার ক্ষেত্রে মুক্ত রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল অপসারণ বিষয়ে আলোচনা হয়। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | নতুন পানিতে মাছের প্রজনন/ডিম ছাড়ার ক্ষেত্রে মুক্ত রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল অপসারণ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, ডিগ্রী ও অনার্স পরীক্ষা চলমান রয়েছে। আগষ্ট মাসের ১৭ তারিখ থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধান এবং কাব ও স্কাউট লিডার গত ১৬-৭-২০২৩ খ্রি: তারিখে একটি সভা করা হয়েছে। প্রেসিডেন্ট এ্যাওয়ার্ড ডে শুরু হবে ১৯-৭-২০২৩ খ্রি: তারিখে পীরগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়ে সকাল ০৯:৩০ টায়। মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শন চলছে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৯-৭-২০২৩ খ্রি: তারিখে কাব ডে পালন করা হবে। সেদিন শিশুরা সারাদিন উপজেলায় অবস্থান করবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। নীচু মাঠ ভরাটের জন্য বরাদ্দের বিষয়ে প্রাক্কলন প্রয়োজন। কাঁচন ডুমুরিয়া এবং নারায়নপুর শেখ পাড়ার ঝুঁকিপূর্ণ ভবন নিলামের বিষয়ে প্রাক্কলন প্রয়োজন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | যে সকল বিদ্যালয়ের খেলার মাঠ নীচু, সে সকল বিদ্যালয়ের মাঠ ভরাটের জন্য প্রয়োজনীয় প্রাক্কলন তৈরীসহ ও বরাদ্দের জন্য পত্র প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) ইউ.পি. চেয়ারম্যান (সংশ্লিষ্ট), পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ০৪ টি ইউনিয়নে ভাতাভোগীদের Live Verification চলছে। এ সকল ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য তিনি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। Verification চলাকালীন সময়ে ব্যাপক জনসমাগমের কারণে ভীড় হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার অনুরোধ জানান। খুব শীঘ্রই প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচনের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,<br>২) ইউ.পি. চেয়ারম্যান (সকল), পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ৩৩ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে এবং জনসচেতনতা বাড়াতে হবে। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জ ঃ**<br>চাল বোরো ২০২২: ৬১৮.৩৭৯ মে:টন, চাল আমন ২০২২-২৩: ২৪৫৭.০৯০ মে:টন, চাল বোরো ২০২৩: ২৫৯৮.৯৪০ মে:টন সর্বমোট চাল ৫৬৭৪.৪০৯ মে: টন, ধান বোরো ২০২৩: ৭৫২.০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ১২,৬৩২ খানা।<br>**ভোমরাদহ ঃ**<br>চাল বোরো ২০২২: ৩৪৩.৩১৯ মে:টন, চাল আমন ২০২২-২৩: ২৭৩.৬০০ মে:টন, চাল বোরো ২০২৩: ৪০৫.৯৫০ মে:টন সর্বমোট ১০২২.৮৬৯ মে:টন, ধান বোরো ২০২৩ (সংগৃহীত): ২৯৭.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ১০,৮৯০ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ১ম, ২য় ও ৩য় পর্যায়ের টি.আর, কাবিখা/কাবিটা'র কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ের অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কার্যক্রম শেষ হয়েছে। ঈদ উল আযহা উপলক্ষ্যে ১৮,৬৭২ টি পরিবারের মাঝে ১০ কেজি হারে ভিজিএফ ১৮৬.৭২০ মে:টন বরাদ্দকৃত চাল সুষ্ঠুভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে জি.আর. চাল, কম্বল ও ডেউটিন বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>০১। **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমঃ** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। জুন/২০২৩ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে জুলাই/২০২৩ মাসের ডিও প্রদান করা হবে।<br>০২। **মা ও শিশু সহায়তা তহবিল: ২০২২-২০২৩ অর্থবছরের জুলাই/২০২২ হতে মে/২০২৩** পর্যন্ত ১০ টি ইউনিয়নে ৮৮০ জন এবং পৌরসভায় ২৯৭ জন মোট ১১৭৭ জন উপকারভোগীর ডাটাএন্ট্রি সম্পন্ন হয়েছে এবং ভাতা প্রদান কার্যক্রম চলমান।<br>০৩। **মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC)** ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে **জুলাই/২০২৩** হতে **সেপ্টেম্বর/২০২৩** পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদ দর্জিবিজ্ঞান ট্রেডে ৩০ (দশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>০৪। **মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম** ঃ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে জুন/২০২৩ খ্রিঃ ১০ জন দুঃস্থ, অসহায় মহিলাকে ৪,২০,০০০/- (চার লক্ষ বিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে।<br>০৫। **আইজিএ প্রশিক্ষণ প্রকল্প** ঃ উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের মেয়াদ জুন/২০২৩ হতে শেষ হয়েছে।<br>০৬। **উঠান বৈঠক/আলোচনা সভা** ঃ যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে।<br>০৭। অত্র উপজেলায় ১১টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারী প্রকৌশলী সভায় জানান যে, PEDP-4 প্রকল্পের আওতায় ৫৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজ চলমান। NNGPS প্রকল্পের আওতায় ০২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজ চলমান। ৪র্থ ধাপে ১৬৪ টি অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান। ৫ম ধাপে ৩৫৩ টি আবাসনের বিপরীতে ৮৫ টির চাহিদা নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও এ প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত নির্মিত ১৫০৩ টি গৃহের বিপরীতে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ৩৩ টি ও মুজিব-১০০ প্রকল্প থেকে ৩৫+১০০+৪১ টি = ১৭৬ টি সহ মোট ২০৯ টি নলকূপ স্থাপন করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ১৩০ টির নিমার্ণ কাজ চলমান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০ টি। ইতিমধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৭৬ টি বর্তমান মাসে ২৭ টি মোট ১০৩ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে।<br><br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ১,১১১/- টাকা এবং সার্ভিস চার্জ ৮৯/- টাকা। মোট আসল আদায় ৯,৮৩,২০৯/- টাকা এবং সাভির্স চার্জ ৭৮,৭৯১/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫% ।</td><td>কালো তালিকাভূক্ত সমিতিগুলো নতুনভাবে আবেদন করতে পারবে না।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের আদায়</td><td>৩০৯১২৭০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৫০৮৯০৭৪/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরন</td><td>২০৫৮০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা</td><td>৯৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরন</td><td>১৫৯৮৫১৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা</td><td>২৯৪৬৬ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>২১০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৪৭৩ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্মকর্মি</td><td>৪৮ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মি</td><td>৪৭২১ জন</td></tr>
</table>
এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>-</td><td>১২১.৩৬</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৭.৩৭</td><td>৬,২৭,০০০</td><td>৫৭.৬০</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৪৮</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৪.৫৫</td><td>৬,২৭,০০০</td><td>২০৩.৬৬</td><td>২০২.৬৩</td><td>৯১%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২২</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২৩</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ</td><td>ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২৪</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়</td><td>সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলায় স্থাপিত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” ও “শেখ রাসেল স্কুল অফ ফিউচার” সমূহ মাসিক ভিত্তিতে পরিদর্শন করা হয়। পরিদর্শনের প্রতিবেদন মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে আইসটি অধিদপ্তরে প্রেরণ করা হয়। এপিএ'র রক্ষ্যমাত্রার সাথে সমন্বয় করে পরিদর্শন কার্যক্রম করা হয়ে থাকে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা সহকারী প্রোগ্রামার, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষণ করেন। স্থানীয় সরকার বিভাগের নিদ্শেনা মোতাবেক ২০২২-২৩ খ্রিঃ'র মাসিক সভা, স্থায়ী কমিটির সভা, বার্ষিক বাজেট, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, এডিপি'র বাস্তবায়িত প্রতিবেদন, বার্ষিক হিসাব বিবরণী, সিটিজেন চার্টারসহ অন্যান্য পরিচালন ডকুমেন্টস এবং রাজস্ব ও এডিপি'র অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প তালিকা জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। | উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল জরুরী ভিত্তিতে হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা পরিষদ, ২) ইউডিএফ, ৩) সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় পীরগঞ্জ।** |
| ২৬ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, গত মাসে পীরগঞ্জ উপজেলায় মোট আগুনের সংখ্যা-১১ টি আনুমানিক ক্ষতির পরিমাণ-২,৬০,০০০/-, আনুমানিক উদ্ধারের পরিমাণ-১৪,৩০,০০০/-। মোট দূর্ঘটনা-১৫ টি, মোট আহত-২২ জন, নিহত নাই। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে। | আগুন প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ।** |
| ২৭ | **তথ্যসেবা কেন্দ্র** | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আখতারুল ইসলাম)**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৭০(৫০)

তারিখঃ ০২ শ্রাবণ ১৪৩০ / ১৭ জুলাই ২০২৩

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,.......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,...................................................... ।

১৭/০৭/২৩

**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস জুলাই ২০২৩